ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| সৈনিক প্রকৌশলী | |
| উপ-স্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | ✓ |

৭০৮

২৪/৫/২৪


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd


# বাংলাদেশ বেতারের এপ্রিল/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, মহাপরিচালক, বাংলাদেশ বেতার। |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ২৯ এপ্রিল ২০২৪; সময়: দুপুর ২ টা |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট-'ক' এবং জুম সভায় অংশগ্রহণকারী বেতারের কেন্দ্র প্রধানগণ |

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের উপ-বার্তা নিয়ন্ত্রক ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনা করেন।

## ২। গত সভার কার্যবিবরণী চূড়ান্তকরণ:

২.১। গত সভার কার্যবিবরণী সভার সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই অনুমোদন করা হয়।

## ৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):

৩.১। বাংলাদেশ বেতারের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ বেতারের প্রকল্পের ভৌত অগ্রগতি ৫২.৯০ %। তিনি আরো জানান যে, জুলাই/২০২৩ থেকে মার্চ/২০২৪ পর্যন্ত বাংলাদেশ বেতারের মোট ১৮২৩ জন কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে গড়ে ২৮.৬৫ ঘন্টা প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন আয়োজন করা হয়েছে (লক্ষ্যমাত্রা ৪৫ ঘন্টা)। প্রশিক্ষণের অগ্রগতি কাঙ্খিত মাত্রায় অর্জন হয়নি। প্রেক্ষিতে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না।

৩.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরের সম্পাদিত APA চুক্তির শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>(খ) বিভিন্ন বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালা যথাসময়ে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটকে পূর্ব-পরিকল্পনা মাফিক বাস্তবায়ন করতে হবে।<br>(গ) প্রকল্পের অগ্রগতি দ্রুত বৃদ্ধির করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল দপ্তরের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>খ) বেতারের আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধানগণ।<br>গ) প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ।<br>ঘ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) ও সকল দপ্তর/ইউনিট প্রধান। |

## ৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা:

৪.১। বাংলাদেশ বেতারের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন, ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা ডেটাবেজ চালু রাখা, ইনোভেশন শোকেসিং, উদ্ভাবনী উদ্যোগের তালিকা প্রেরণ এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে সম্প্রতি প্রেরিত পত্রসমূহের বিষয়ে জুমে অংশগ্রহণকারী এবং সভায় উপস্থিত সকল কেন্দ্র প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে বিস্তারিত আলোচনা করেন।

৪.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| (ক) মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকার ২০২৩-২০২৪ এর (৬.১.২) এ উল্লিখিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা যথাসময়ে প্রেরণ করতে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ে সভা/সেমিনার আয়োজন করতে হবে।<br>(খ) ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা ডাটাবেজ তৈরী ও সেবাসমূহ চালু রাখতে হবে।<br>(গ) সকল কেন্দ্রকে তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে এবং<br>(ঘ) ত্রৈমাসিক রির্পোট ও বার্ষিক রির্পোট (প্রমাণকসহ প্রতিবেদন) যথাসময়ে প্রেরণ করতে হবে। | ক) সদর দপ্তরের ইনোভেশন টিম<br>খ) সকল কেন্দ্র/ইউনিট প্রধান<br>গ) উদ্ভাবনী কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ |

## ৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন:

৫.১। বাংলাদেশ বেতারের জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, বাংলাদেশ বেতারের APP (সংরক্ষণ অনুবিভাগ ও সদর দপ্তর) বাস্তবায়নের হার খুবই কম। প্রেক্ষিতে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

৫.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ক) বাংলাদেশ বেতারের বাংলাদেশ বেতারের APP (সংরক্ষণ অনুবিভাগ ও সদর দপ্তর) বাস্তবায়নের হার দ্রুত বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ের কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে কর্ম সম্পাদনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। সকল কেন্দ্র/ইউনিট প্রধান |

## ৬। বাংলাদেশ বেতারের চলমান মামলা:

৬.১। বাংলাদেশ বেতারের চলমান মামলার বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বাংলাদেশ বেতারের বর্তমান মামলার সংখ্যা ৩৩টি।

সভাপতি সভায় সকলকে অবহিত করেন যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের হিসাবে বেতারের মামলার সংখ্যা ৫০টি কিন্তু বাংলাদেশ বেতারের হিসাবে মামলার সংখ্যা ৩৩টি। বাংলাদেশ বেতারের মামলাসমূহ লিপিবদ্ধ করার জন্য একটি মামলা রেজিস্টার খোলার এবং আদালতে মামলার শুনানী অনুষ্ঠিত হওয়ার তারিখের ২/৩ দিন পূর্বে আইনজীবীর সাথে যোগাযোগ করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

৬.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ক) মামলা সংশ্লিষ্ট সকলকে মামলার আপডেট তথ্য সংগ্রহ এবং মামলা পরিচালনায় সরকারী স্বার্থ অক্ষুণ্ণ রাখতে অধিক যত্নবান হতে বলা হয়;<br>খ) বাংলাদেশ বেতারের মামলার প্রকৃত সংখ্যা কত তা খুঁজে বের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বাংলাদেশ বেতারের মামলাসমূহ লিপিবদ্ধ করার জন্য একটি মামলা রেজিস্টার খোলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) বাংলাদেশ বেতারের মামলা আদালতে শুনানীর তারিখের ২/৩ দিন পূর্বে সংশ্লিষ্ট আইনজীবীর সাথে যোগাযোগ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সদর দপ্তর এবং মামলা সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানগণ। |

## ৭। বাংলাদেশ বেতারের প্রশিক্ষণ সংক্রান্ত:

৭.১। বাংলাদেশ বেতার, সদর দপ্তরের উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, বাংলাদেশ বেতারের কিছু কেন্দ্র/ইউনিট তাদের প্রশিক্ষণ প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করছে না। প্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগের এর প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সঠিকসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা যাচ্ছে না। গত মার্চ মাসে ফলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে বাংলাদেশ বেতারে সুনাম ক্ষুন্ন হচ্ছে। গত মার্চ ২০২৪ মাসে বাংলাদেশ বেতারের প্রশিক্ষণ ১০৯.৯৪ সম্পন্ন হয়েছে। সভাপতি মহোদয় কোন কেন্দ্র/ইউনিট লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ (লক্ষ্যমাত্রা ৪৫ ঘণ্টা) সম্পন্ন করছে না তার তালিকা আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।

৭.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট তাদের প্রশিক্ষণ প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) এপিএ, শুদ্ধাচার, ইনোভেশনসহ সকল প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বাংলাদেশ বেতারের চাহিদা অনুযায়ী তারিখ ও বিষয়ভিত্তিক একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) কোন কেন্দ্র/ইউনিট লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ (লক্ষ্যমাত্রা ৪৫ ঘণ্টা) সম্পন্ন করছে না তাঁর তালিকা আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল কেন্দ্র/ইউনিট প্রধানগণ।<br>খ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) ও সকল কেন্দ্র/ইউনিট প্রধানগণ।<br>গ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

## ৮। শ্রোতা গবেষণা:

৮.১। শ্রোতা গবেষণা বিষয়ে পরিচালক (লিয়াজোঁ) জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত বাজেটের আওতায় শ্রোতা গবেষণা করার জন্য Civic Foundation নামক একটি গবেষণা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। বাংলাদেশ বেতারের গবেষণা টিম, এটুআই-এর গবেষণা টিম এবং Civic Foundation-এর সমন্বয়ে একটি সভা গত ২২/০৪/২০২৪ তারিখে বাংলাদেশ বেতারে অনুষ্ঠিত হয়েছে। সভায় Civic Foundation গবেষণা কাজের Methodology উপস্থাপন করেন। বাংলাদেশ বেতার ও এটুআই-এর গবেষণা টিম উপস্থাপিত Methodology টি পর্যালোচনা করেন এবং এর উপরে মতামত প্রদান করেন। গবেষণা প্রতিষ্ঠান ৩০/০৪/২০২৪ তারিখের মধ্যে Inception Report প্রদান করবে। Terms of Reference অনুযায়ী চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হবে।

৮.২। শ্রোতাদের নিকট হতে শ্রবণ সংক্রান্ত প্রাপ্য অভিযোগের ভিত্তিতে এবং কেন্দ্র প্রধানদের শ্রবণ-মান বিষয়ে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে লিয়াজোঁ শাখা নিয়মিত বিশ্লেষণধর্মী শ্রবণ-মান প্রতিবেদন সদর দপ্তরে জমা প্রদান করবেন। কেন্দ্র প্রধানগণ সমন্বিতভাবে প্রতিটি ট্রান্সমিটারের সক্ষমতা এবং বাস্তবে মাঠে (দিনে, রাতে, বৃষ্টির দিনে) কতটুকু (কত কিমি) স্পষ্ট শুনা যায় এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রতি মাসে জমা প্রদান করবেন মর্মে সভায় আলোচনা হয়।

৮.৩। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ১) কেন্দ্র প্রধানগণ সমন্বিতভাবে আলোচনা ও পদক্ষেপ নিয়ে প্রতিটি ট্রান্সমিটারের সক্ষমতা এবং বাস্তবে মাঠে (দিনে, রাতে, বৃষ্টির দিনে) কতটুকু (কত কিমি) স্পষ্ট শুনা যায় এ সংক্রান্ত প্রতিবেদন কেন্দ্রের ৩ প্রধানের স্বাক্ষরে প্রকৌশল দপ্তর হতে প্রতি মাসে লিয়াজোঁ শাখায় প্রেরণ করতে হবে।<br>২) শ্রবণ-মান প্রতিবেদন, শ্রোতাদের অভিযোগ বিষয়ে গৃহীত ব্যবস্থা ও সোশ্যাল মিডিয়া সংক্রান্ত প্রতিবেদন সমন্বয় করে লিয়াজোঁ শাখা প্রতি মাসে একটি উপস্থাপনযোগ্য প্রতিবেদন তৈরী করবে। | ১। পরিচালক, লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ।<br>২। আঞ্চলিক কেন্দ্র প্রধান (সকল) |

**৯। ডি-নথি বাস্তবায়ন:**

৯.১। বাংলাদেশ বেতারের ডি-নথি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বাংলাদেশ বেতারের এপ্রিল ২০২৪ তারিখে ডি-ফাইলে নথিতে নিষ্পত্তিকৃত নোট ৪৫৬ টি ও নথিতে নিষ্পত্তিকৃত নথির হার ৯৯.১৩%। প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২৩ পর্যন্ত) নথিতে নিষ্পত্তিকৃত নথির হার ৭৫.৩৫% ও ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২৩ পর্যন্ত) নথিতে নিষ্পত্তিকৃত নথির হার ৭৯.৯৩% এবং ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২৪ পর্যন্ত) নথিতে নিষ্পত্তিকৃত নথির হার ৯৯.১১%।

৯.৩। **সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| (ক) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বাংলাদেশ বেতারের সকল দপ্তর/ইউনিটকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি-ফাইলে নথি নিষ্পত্তি নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) বাংলাদেশ সকল দপ্তর/ইউনিটের ডি-নথি ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রধানগণ |

**১০। বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিটের অনুষ্ঠান বিচ্যুতি/ক্রুটি সংক্রান্ত আলোচনা।**

১০.১। বাংলাদেশ বেতারের কেন্দ্র/ইউনিটের বিভিন্ন অনুষ্ঠান/সংবাদ বিচ্যুতি/ক্রুটি হওয়ার সাথে সাথে শিফট ইনচার্জ বিচ্যুতি/ক্রুটির কারণ তাৎক্ষনিক লিখিত আকারে ডিউটি অফিসারকে রির্পোট প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের ন্যায় তিন শাখার (অনুষ্ঠান/বার্তা/প্রকৌশল) সমন্বয়ে একটি Whats up গ্রুপ তৈরি করে অনুষ্ঠান/সংবাদ বিচ্যুতি/ত্রুটি তাৎক্ষনিক অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

১০.২। **সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ক) বাংলাদেশ বেতারের কেন্দ্র/ইউনিটের বিভিন্ন অনুষ্ঠান/সংবাদ বিচ্যুতি/ক্রুটি হওয়ার সাথে সাথে শিফট ইনচার্জ বিচ্যুতি/ক্রুটির কারণ তাৎক্ষনিক লিখিত আকারে ডিউটি অফিসারকে রির্পোট প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের ন্যায় তিন শাখার (অনুষ্ঠান/বার্তা/প্রকৌশল) সমন্বয়ে একটি Whats up এ গ্রুপ তৈরি করে অনুষ্ঠান/সংবাদ বিচ্যুতি/ত্রুটি তাৎক্ষনিক অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রধান প্রকৌশলী।<br>খ) অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)<br>গ) অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)<br>ঘ) কেন্দ্র/ইউনিটের প্রধানগণ। |

**১১। পেন্ডিং বিষয়াদি:**

১১.১। আধুনিক যুগের চ্যালেঞ্জ মোকাবেলায় রাষ্ট্রীয় মিডিয়া হিসেবে বাংলাদেশ বেতারের সাংগঠনিক কাঠামো যুগোপযোগিকরণে জনবল সৃষ্টির প্রস্তাবনা (১-২০ গ্রেড) নিয়ে সভায় আলোচনা হয়। এ বিষয় সদর দপ্তরের প্রশাসন শাখা জানান যে, বিদ্যমান ২৪৮৮টি পদের বিপরীতে নতুন করে আরো ২৬৫৫টি পদ সৃষ্টির প্রস্তাব প্রাথমিক পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষার জন্য গত ০৬-১২-২০২২ তারিখ, ১৫-০১-২০২৩ তারিখ, ১৯-০১-২০২৩ তারিখ এবং ২৬-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার ধারাবাহিকতায় আগামী ১২-০৩-২০২৪ তারিখ অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও অনিবার্য কারণবশতঃ স্থগিত করা হয়েছে।

১১.২। নন-ক্যাডার অফিসার ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৫ এর বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ১৮৮ নম্বর পত্রের মাধ্যমে তথ্যাদি/কাগজপত্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত/প্রত্যায়িত/স্বাক্ষরিত করে প্রশাসনিক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণপূর্বক ৩৫ সেট (পঁয়ত্রিশ) সেট প্রেরণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ চাহিত তথ্যাদি/কাগজপত্র প্রেরণের জন্য বাংলাদেশ বেতার-কে পত্র প্রেরণ করেন। প্রেক্ষিতে, বাংলাদেশ বেতার হতে গত ১৭/০১/২০২৪ তারিখ ১৫.৫৩.০০০০.০১৩.১১.০৪৭.২৩.২৬৩ নম্বর পত্রের মাধ্যমে চাহিত তথ্যাদি/কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

১১.৩। বিসিএস (তথ্য) ক্যাডারভুক্ত বাংলাদেশ বেতারের অনুষ্ঠান এবং বার্তা বিভাগে সুপারনিউমারী পদ সৃজন। বাংলাদেশ বেতারে যে পদোন্নতি জটিলতা - তা সুপারনিউমারী পদ সৃজন ব্যতীত নিরসনের কোন উপায় নেই - এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল এবং প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে নাকচ হয়েছে। তবে সম্প্রতি একাধিক ক্যাডারে সুপারনিউমারী পদ সৃজন করা হচ্ছে বিধায় এ বিষয়ে পুনরায় প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।

১১.৪। এছাড়া বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটকে তাদের পেন্ডিং বিষয়াদির তালিকা প্রতিমাসের ১ থেকে ৫ তারিখের মধ্যে সদর দপ্তরের প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

১১.৫। **সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট তাদের সকল পেন্ডিং বিষয়াদির তালিকা প্রতিমাসের ১ থেকে ৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদর দপ্তরের প্রশাসন শাখা ও সকল কেন্দ্র/ইউনিট প্রধানগণ। |

**১২। বিবিধ আলোচনা:**

১২.১। জাতীয় সংসদ অধিবেশনে চাহিত মূল প্রশ্ন, সম্পূরক প্রশ্ন ও অন্যান্য প্রতিবেদন প্রেরণের সময় সঠিক, নির্ভুল তথ্য সংশ্লিষ্ট শাখা প্রধানের স্বাক্ষরসহ সদর দপ্তরে প্রেরণ করতে হবে। এছাড়াও মাসিক প্রতিবেদনগুলো (মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্বাচনীয় ইশতেহার, মন্ত্রিপরিষদ বিভাগের নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদন, সচিব-সভার নির্দেশনা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা, মাসিক কর্মকান্ড, আর্থিক ব্যয়ের হিসাব, প্রকল্প বাস্তবায়ন/ অগ্রগতির হার, গণশুনানি, বাড়ি ভাড়া প্রতিবেদন, অভিযোগ প্রতিকার, পেন্ডিং, পেনশন কেইস, ডি-নথি, প্রকল্প সংক্রান্ত প্রতিবেদন ইত্যাদি) সংশ্লিষ্ট শাখা হতে আবশ্যিকভাবে প্রতিমাসের ০১ (এক) তারিখের মধ্যে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের কমন শাখায় প্রেরণ বিষয়ে সভায় আলোচনা হয়।

১২.২। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা হতে চাহিত তথ্যাদি সঠিক সময়ে ও নির্ভুলভাবে প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

১২.৩। **সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ক) মাসিক প্রতিবেদনগুলো (মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্বাচনী ইশতেহার, মন্ত্রিপরিষদ বিভাগের নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদন, সচিব-সভার নির্দেশনা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা, মাসিক কর্মকান্ড, আর্থিক ব্যয়ের হিসাব, প্রকল্প বাস্তবায়ন/ অগ্রগতির হার, গণশুনানি, বাড়ি ভাড়া প্রতিবেদন, অভিযোগ প্রতিকার, পেন্ডিং, পেনশন কেইস, ডি-নথি, প্রকল্প সংক্রান্ত প্রতিবেদন ইত্যাদি) সংশ্লিষ্ট শাখা হতে আবশ্যিকভাবে প্রতিমাসের ০১ (এক) তারিখের মধ্যে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের কমন শাখায় প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা হতে চাহিত তথ্যাদি সঠিক সময়ে ও নির্ভূলভাবে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) বেতারের শাখা প্রধানগণ<br>খ) দপ্তর প্রধানগণ<br>গ) প্রকল্প পরিচালকগণ<br>ঘ) সদর দপ্তরের বিভিন্ন শাখা |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/৫/২৪

রবীন্দ্রশ্রী বড়ুয়া
মহাপরিচালক
☎:৪৪৮১৩০৬২
ইমেইল: dg@betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.০৬.০০৩.১৯. ৫৬৮ তারিখ: ২৪/০৫/২০২৪

<u>বিতরণ</u>: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৪. পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬. পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
৭. আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর /বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
৮. সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সকল কর্মকর্তাকে মেইল মারফত কার্যবিবরণীর কপি প্রেরণের অনুরোধসহ)।
৯. সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১০. সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, "বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স, আগারগাঁও, ঢাকায় স্থানান্তর নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়)- ৩য় সংশোধিত শীর্ষক প্রকল্প/ 'জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প/ "বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প/"বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প।
১২. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৩. আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৪. আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৫. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৬. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৭. উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮. উপ-বার্তা নিয়ন্ত্রক (কমন/নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯. উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
২০. হিসাব রক্ষক কর্মকর্তা (বাজেট), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২১. প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন-১/সংস্থাপন-২/কমন/যানবাহন/হিসাব, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২২. নিরাপত্তা কর্মকর্তা, সদর দপ্তর/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
২৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

<u>অনুলিপি</u>: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
২. উপসচিব (প্রশাসন-১)/উপসচিব (বেতার-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

২৩/৫/২৪

মোঃ আল আমিন খান
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।